# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 15-08-2026 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর-

১) ৮০-তম স্বাধীনতা দিবসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সামর্থ ও শক্তির "সপ্তধারার" মাধ্যমে শক্তিশালী আত্মনির্ভর ও বিকশিত ভারত নির্মাণের আহ্বান জানিয়েছেন।

২) রাজনৈতিক সংকীর্ণতার ঊর্দ্ধে উঠে রাজ্যের উন্নয়নে এক যোগে সামিল হওয়ার জন্য সকলের প্রতি আবেদন জানিয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

সন্ধ্যায় লোকভবনে রাজ্যপাল আর এন রবি ও মুখ্যমন্ত্রী, বিভিন্ন রাজনৈতিক নেতৃত্ব এবং সমাজের বিশিষ্টজনের সঙ্গে চা-চক্রে মিলিত হন।

রেডরোডে যুগ্ম কমিশনার (ইন্টেলিজেন্স) দেবস্মিতা দাস প্রথম মহিলা প্যারেড কমান্ডার হিসাবে কুচকাওয়াজে নেতৃত্ব দিয়েছেন।

৩) তারাতলায় গুদামের ছাদ ভেঙে পড়ার ঘটনায় কলকাতা পুলিশের উদ্ধারকারী দলকে জীবনরক্ষা পদক দেওয়ার ঘোষণা।

৪) পাক গুপ্তচর সংস্থার হয়ে চরবৃত্তির অভিযোগে কোচবিহারের সাহেবগঞ্জ থেকে তিন যুবককে গ্রেফতার করেছে এসটিএফ।

সন্ত্রাসবাদী সংগঠনের সঙ্গে যুক্ত সন্দেহে বেঙ্গালুরু থেকে গ্রেফতার বাদুড়িয়ার এক যুবক।

৫) নিম্নচাপের প্রভাবে আগামী মঙ্গলবার পর্যন্ত দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস।

**০০০০০০০০০০০০০০০০০০০০**

৮০-তম স্বাধীনতা দিবসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সামর্থ ও শক্তির "সপ্তধারার" মাধ্যমে শক্তিশালী আত্মনির্ভর ও বিকশিত ভারত নির্মাণের আহ্বান জানিয়েছেন। নতুন দিল্লির ঐতিহাসিক লালকেল্লার প্রাকারে আজ দেশবাসীর উদ্দেশ্যে তিনি বলেন, দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে এই সাতটি শক্তি কান্ডারী হয়ে থাকবে। এর মধ্যে প্রথমে রয়েছে উৎপাদন শক্তি। উৎপাদন বৃদ্ধি পেলেই বিকাশের পথ প্রশস্ত হয়। এছাড়া কৃষি ও খাদ্য প্রক্রিয়াকরণ, প্রযুক্তি ও উদ্ভাবন, গতিশক্তি, প্রতিরক্ষা ব্যবস্থা, অর্থনৈতিক শক্তি, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং সফট্ পাওয়ার বা ভারতের ঐতিহ্য সংস্কৃতি ও বিভিন্ন দেশের সঙ্গে কূটনীতির মাধ্যমে সুসম্পর্ক বজায় রাখা – ইত্যাদি বিষয়েও শ্রী মোদীর সপ্তধারার তালিকায় স্থান পয়েছে।

অনুষ্ঠানে বিকশিত ভারতের স্বপন সফল করার জন্য দেশের নারী শক্তি, কৃষক, শ্রমিক – সকলের সহযোগিতা চেয়েছেন প্রধানমন্ত্রী। মহিলাদের ক্ষমতায়নের ওপর গুরুত্ব দিয়ে তিনি বলেন, নারীশক্তির উন্নয়ন হলে দেশ সাফল্যের শীর্ষে পৌঁছে যায়।

(বাইট – প্রধানমন্ত্রী)

এই প্রথম লালকেল্লায় স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে জাতীয় স্তোত্র 'বন্দে মাতরম' পরিবেশিত হয়

৮০-তম স্বাধীনতা দিবসে আজ দিল্লির লালকেল্লা প্রাকার থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জাতির উদ্দেশে ভাষণের বাংলা অনুবাদ সম্প্রচারিত হবে রাত সাড়ে ৯'টায়।

আকাশবাণী কলকাতার সমস্ত চ্যানেলেই তা' শোনা যাবে। এর প্রেক্ষিতে রাত ১০'টার বাংলা সংবাদ আজ বাতিল করা হয়েছে।

**০০০০০০০০০০০০০০০০০০০০**

স্বাধীনতা দিবসে আজ পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, আকাশবাণীতে রাজ্যবাসীর উদ্দেশে বক্তব্য রাখেন। তিনি বলেন, তিরঙ্গা শুধু পতাকা নয়, দেশের সার্বভৌমত্ব এবং ঐক্যের প্রতীক। যাদের আত্মত্যাগে দেশ স্বাধীন হয়েছে, সেই সব বীর সন্তানকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন তিনি। শ্রী অধিকারী বলেন, যুব সমাজের জন্য নতুন সুযোগ তৈরি,

মহিলাদের স্বনির্ভর করে তোলা, শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, শিল্প থেকে শুরু করে সামাজের প্রতিটিস্তরে উন্নয়নের সুফল পৌঁছে দিতে তাঁর সরকার বদ্ধ পরিকর।

oooooooooooooooooooo

রাজনৈতিক সংকীর্ণতার ঊর্দ্ধে উঠে রাজ্যের উন্নয়নে এক যোগে সামিল হওয়ার জন্য সকলের প্রতি আবেদন জানিয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। কলকাতার রেড রোডে আজ ৮০ তম স্বাধীনতা দিবস উদযাপন অনুষ্ঠানে অংশ নিয়ে তিনি বলেন, কর্ম সংস্থান ও মহিলাদের ক্ষমতায়ন এবং রাজ্যের আইনশৃঙ্খলাকে আরও মজবুত করে পাহাড় থেকে জঙ্গল সর্বত্র উন্নয়ন ছড়িয়ে দেওয়াই বর্তমান সরকারের লক্ষ্য।

(বাইট – মুখ্যমন্ত্রী)

২০৪৭ সালে বিকশিত ভারত গঠন, তখনই সম্ভব হবে, যখন বিকশিত পশ্চিমবঙ্গ গড়ে উঠবে বলে তিনি জানান। ঋষি অরবিন্দ, নেতাজী, ক্ষুদিরাম, মাতঙ্গিনী হাজরার মতো স্বাধীনতা সংগ্রামীদের কথা স্মরণ করে তিনি বলেন, পশ্চিমবঙ্গকে ভারত সেরা হিসাবে গড়ে তুলতে হবে।

oooooooooooooooooooo

দেশের অন্যান্য অংশের সঙ্গে আজ এরাজ্যেও যথাযথ মর্যাদায় স্বাধীনতা দিবস উদযাপিত হচ্ছে।

এই উপলক্ষ্যে মূল অনুষ্ঠানটি হয় কলকাতার রেড রোডে। সেখানে জাতীয় পতাকা উত্তোলন করেন, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। তাঁকে গার্ড অব অনার দেওয়ার পর, তিনি কুচকাওয়াজে অভিবাদন গ্রহণ করেন।

(মিউজিক)

অনুষ্ঠান শুরুর আগে তিনি নেতাজীর মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পন করে শ্রদ্ধা জানান।

রাজ্য সরকারের বিভিন্ন সুসজ্জিত ট্যাবলোর মাধ্যমে শ্যামাপ্রসাদ মুখার্জীর ১২৫-তম জন্ম বার্ষিকী, কেন্দ্রের ভিবিজি-রাম-জী প্রকল্প, প্রধানমন্ত্রী সূর্যঘর যোজনা, রাজ্য সরকারের অন্নপূর্ণা যোজনা কন্যারত্ন, কলকাতা পুলিশ ও কলকাতা পুরসভার ট্যাবলো প্রদর্শিত হয়।

এই প্রথম মহিলা প্যারেড কমান্ডার কুচকাওয়াজে নেতৃত্ব দিয়েছেন। তিনি হলেন, যুগ্ম কমিশনার (ইন্টেলিজেন্স) দেবস্মিতা দাস।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ১৪ জন আই পি এস আধিকারিককে অসামান্য ও প্রশংসনীয় কাজের স্বীকৃতি স্বরূপ মুখ্যমন্ত্রী পদক দিয়ে সম্মানিত করেন।

এদের মধ্যে রয়েছেন দময়ন্তী সেন, নিরজ কুমার, কঙ্কর প্রসাদ বারুই, সুনীল কুমার যাদব, অংশুমান সাহা প্রমুখ।

তারাতলায় গুদামের ছাদ ভেঙে পড়ার ঘটনায় উদ্ধার কাজের সঙ্গে যুক্ত কলকাতা পুলিশের দলকে জীবনরক্ষা পদক দেওয়ার কথা ঘোষণা করা হয়েছে। কলকাতা পুলিশের জয়েন্ট কমিশনার বৈভব তিওয়ারী, দক্ষিণ-পূর্ব ডিভিশনের ডিসি ইসানী পাল সহ উদ্ধারকারী দল এই পদক পাবেন।

রাজ্যপাল রবীন্দ্র নারায়ন রবি, সকালে ব্যারাকপুর গান্ধীঘাটে এক বিশেষ অনুষ্ঠানে মহাত্মা গান্ধীর স্মৃতিস্তম্ভে শ্রদ্ধার্ঘ্য অর্পণ করেন। যোগ দেন বিশেষ প্রার্থনা সভায়, উপস্থিত স্কুল পড়ুয়াদের সঙ্গেও কথা বলেন। ছিলেন শ্রম ও পরিবহণমন্ত্রী অর্জুন সিং, তথ্য প্রযুক্তি মন্ত্রী কল্যাণ চক্রবর্তী, মুখ্যসচিব মনোজ কুমার আগরওয়াল।

স্কুল-কলেজ, শিক্ষা প্রতিষ্ঠান সহ বিভিন্ন সংগঠনের তরফেও নানা অনুষ্ঠানে দিনটি পালিত হয়।

কলকাতা হাইকোর্টে স্বাধীনতা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি তপব্রোত চক্রবর্তী স্বাধীনতা সংগ্রামে মহিলাদের ভূমিকার কথা স্মরণ করেন। তিনি বলেন সংবিধান এবং সাধারণ মানুষের অধিকার রক্ষায় বিচার ব্যবস্থা সদা সতর্ক রয়েছে।

কলকাতার ফেয়ারলি প্লেসে পূর্ব রেলের সদর দপ্তরে জাতীয় পতাকা উত্তোলন করেন জেনারেল ম্যানেজার গীতিকা পান্ডে।

কলকাতার মেট্রো রেল ভবনে জাতীয় পতাকা উত্তোলন করেন মেট্রো রেলের জেনারেল ম্যানেজার প্রেমসাগর গুপ্তা।

পুর ভবনে পুর কমিশনার তথা প্রশাসক স্মিতা পান্ডে জাতীয় পতাকা উত্তোলনের পর পুলিশ ও নিরাপত্তারক্ষীদের কুচকাওয়াজে অভিবাদন গ্রহণ করেন।

**আকাশবাণী ভবনেও আজ ত্রিবর্ণ রঞ্জিত জাতীয় পতাকা উত্তোলন করেন কমার্শিয়াল ব্রডকাস্টিং সার্ভিসের অনুষ্ঠান বিভাগের প্রধান সুপ্রভ বন্দ্যোপাধ্যায় ।**

কলকাতার মুরলীধর সেন লেনে বিজেপি-র কার্যালয়ে স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য।

সিপিআইএম-র রাজ্য দফতর মুজাফ্ফর আহমেদ ভবনে বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু, মহম্মদ সেলিম সহ অন্য নেতৃবৃন্দের উপস্থিতিতে জাতীয় পতাকা উত্তোলন করা হয়।

প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধানভবনে স্বাধীনতা সংগ্রামীদের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, অমিতাভ চক্রবর্তী, কৃষ্ণা দেবনাথ প্রমুখ।

বিভিন্ন জেলাতেও যথাযোগ্য মর্যাদায় স্বাধীনতা দিবস উদযাপিত হয়।

oooooooooooooooooooo

স্বাধীনতা দিবস উপলক্ষে আজ সন্ধ্যায় রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবি লোক ভবনে রাজ্যের ক্রীড়া, সংস্কৃতি ও রাজনীতি সহ বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্টজনদের সঙ্গে চা চক্রে মিলিত হন। উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, বিধানসভার বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায়, কলকাতা পুরসভার প্রাক্তন মেয়র ফিরহাদ হাকিম, বর্ষিয়ান সিপিআই(এম) নেতা বিমান বসু প্রমুখ। অনুষ্ঠানে ভারতের স্বাধীনতা আন্দোলনের ইতিহাস এবং দেশভাগের পর রাজ্য গঠনে ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জির ভূমিকা দর্শক সাধারণের কাছে তুলে ধরা হয়। অনুষ্ঠান শেষে রাজ্যপাল সাংস্কৃতিক সংগঠনগুলির নেতৃত্বদের সংবর্ধনা দেন।

oooooooooooooooooooo

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে ঋষি অরবিন্দের ১৫৫-তম জন্মদিনে তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হচ্ছে। থিয়েটার রোডে শ্রী অরবিন্দের সমাধি মন্দিরে মালা দিয়ে শ্রদ্ধা জানান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। অনুষ্ঠানে ঋষি অরবিন্দের আদর্শ এবং দেশপ্রেমের ভাবনা ভবিষ্যত প্রজন্মের মধ্যে ছড়িয়ে দেওয়ার ওপর গুরুত্ব দেন তিনি।

(বাইট – মুখ্যমন্ত্রী)

ঋষি অরবিন্দের পৈতৃক ভিটে হুগলীর কোন্নগরে অরবিন্দ আশ্রমে এই উপলক্ষে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। চন্দননগরের প্রবর্তক সঙ্ঘেও তাঁর প্রতি শ্রদ্ধা জানানো হয়েছে।

oooooooooooooooooooo

পাক গুপ্তচর সংস্থা আইএসআইয়ের হয়ে চরবৃত্তির অভিযোগে কোচবিহারের দিনহাটা-২ ব্লকের সাহেবগঞ্জ থেকে তিন যুবককে গ্রেফতার করেছে রাজ্য পুলিশের এসটিএফ।

অন্যদিকে, সন্ত্রাসবাদী সংগঠনের সঙ্গে যুক্ত সন্দেহে কর্নাটকের বেঙ্গালুরু থেকে গ্রেপ্তার হয়েছে উত্তর ২৪ পরগনার বাদুড়িয়ার এক যুবক।

গোপন খবরের ভিত্তিতে দিনহাটা এলাকায় অভিযান চালিয়ে রশিদুল হক, নাসিরুদ্দিন আলি এবং সফিকুল ইসলামকে গ্রেফতার করে এসটিএফ। ভারতীয় সিমকার্ড বাংলাদেশ হয়ে পাকিস্তানে তারা পাচার করতো বলে অভিযোগ।

ধৃতদের আজ দিনহাটা মহকুমা আদালতে তোলা হলে ১৪ দিনের পুলিশ হেফাজত হয়েছে। ধৃতরা জাল নোট তৈরির কারবারের সঙ্গেও যুক্ত ছিল বলে সূত্রের খবর।

এদিকে, বেঙ্গালুরু থেকে ধৃত বাদুড়িয়ার নোয়াপাড়ার বাসিন্দা ২৫ বছরের আশরাফুল মল্লিকের মোবাইল ফোন এবং বাজেয়াপ্ত নথি থেকে একাধিক জঙ্গি সংগঠনের সঙ্গে যোগাযোগের স্পষ্ট প্রমাণ মিলেছে। গোবরডাঙা কলেজ থেকে স্নাতক হওয়ার পর প্রায় দেড় বছর আগে একটি বে-সরকারী সংস্থায় নিরাপত্তা কর্মীর কাজ নিয়ে সে বেঙ্গালুরু পাড়ি দিয়েছিল। অনলাইনে তার সন্দেহজনক গতিবিধি নজরে আসে পুলিশের। জিজ্ঞাসাবাদের জন্য ধৃতের বাবাকে ডেকে পাঠিয়েছে বেঙ্গালুরু পুলিশ।

উল্লেখ, এর আগে লস্কর-ই-তৈবার সঙ্গে যোগাযোগ থাকার অভিযোগে বাদুড়িয়া থেকে গ্রেফতার হয় কলেজ ছাত্রী তানিয়া পারভিন।

**oooooooooooooooooooo**

তোলাবাজি, ভীতিপ্রদর্শন, মারধোর সহ নানা অভিযোগে হাওড়ার পুরসভার প্রাক্তন মেয়র পারিষদ, তৃণমূল কংগ্রেস নেতা শ্যামল মিত্রকে নিউটাউন থেকে গ্রেফতার করা হয়েছে। রাজ্যের প্রাক্তন মন্ত্রী অরূপ রায় ঘনিষ্ঠ এই নেতাকে, আজ হাওড়া আদালতে তোলা হলে, ৯ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেওয়া হয়। শিবপুর থানা থেকে হাওড়া আদালতে নিয়ে যাওয়ার সময়, তাঁকে ডিম ছোঁড়া হয় বলে অভিযোগ।

গত চৌঠা মে, ভোট গণনার দায়িত্বে থাকা SI পাপ্পু যাদব এবং পুলিশ বাহিনী-র ওপর শ্যামল মিত্রের নেতৃত্বে একাধিক দুষ্কৃতী, হামলা চালায় বলে অভিযোগ। এই ঘটনায় কয়েকজন পুলিশ আধিকারিক আহত হন বলে জানা গেছে।

<u>০০০০০০০০০০০০০০০০০০০০</u>

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরে নতুন করে সৃষ্ট ঘূর্ণাবর্ত, আগামী ৪৮ ঘণ্টার মধ্যে নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা। এর ফলে আগামী ১৮ তারিখ পর্যন্ত দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দফতর। আগামীকাল থেকে বৃষ্টি পরিমাণ কিছুটা বাড়তে পারে। উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, দুই মেদিনীপুরে আগামী ২৪ ঘণ্টায়, ভারী বৃষ্টির হলুদ সর্তকতা রয়েছে। এছাড়া কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ এলাকায় ভারী বৃষ্টির সম্ভাবনা। মৎস্যজীবীদেরও আগামী মঙ্গলবার পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে। এদিকে উত্তরবঙ্গে হিমালয় সন্নিহিত ৫ জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি হতে পারে।

<u>০০০০০০০০০০০০০০০০০০০০</u>